কৃষিই সমৃদ্ধি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি তথ্য সার্ভিস
খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা
www.ais.gov.bd

নং ১২.০৫.০০০০.০১১.১০.০০১.১৫. ৪৬৪ (৮৩) তারিখ: ২৫/ ০২/ ২০১৯

**অফিস আদেশ**

কৃষি মন্ত্রণালয়ের আওতাধীন কৃষি তথ্য সার্ভিসের কৃষি তথ্য ও যোগাযোগ কেন্দ্রের মাধ্যমে ডিজিটাল কৃষি তথ্যের প্রচলন ও গ্রামীণ জীবনমান উন্নয়ন শীর্ষক সমাপ্ত প্রকল্পের জনবল রাজস্ব খাতে স্থানান্তর সংক্রান্ত রীট পিটিশন নং- ১৪৫৪৭/২০১৬ এর ১১/০১/২০১৭ খ্রি. তারিখে প্রদত্ত মহামান্য হাইকোর্টের রায় মোতাবেক 18 MLR(AD) 372 এর আলোকে রীটকারীগণকে রাজস্ব খাতে আত্মীকরণের নির্দেশ প্রদান করা হয়। পরবর্তীতে রীটের রায়/আদেশের বিরুদ্ধে সিভিল পিটিশন ফর লিভ টু আপিল দায়ের করা হলে (সিপিএল নং ২০৬৪/২০১৭) মহামান্য আপিল বিভাগ গত ০৮/০৬/২০১৭ খ্রি. তারিখের রায়ে উক্ত রীটের রায় বহাল রাখে। সে মতে রিভিউ পিটিশন ৫০২/২০১৭ দায়ের করা হলে মহামান্য Appellate Division ২২/০৩/২০১৮ তারিখের প্রদত্ত রায়ে আপিল খারিজ করে রীটের রায় হতে 'Continuity of Service and other benefits' শব্দসমূহ বাদ দিয়ে 18 MLR(AD) 372 অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য চূড়ান্ত রায়/আদেশ প্রদান করে। সে মতে কৃষি মন্ত্রণালয়ের আইন অধিশাখার স্মারক নং ১২.০২৮.০০৪.০০৫.০২.০২.২০১০.৪১১ তারিখ ২৫/০৭/২০১৮ এবং স্মারক নং ১২.০০.০০০০.০২৮.০৪.৮২.১৬-১০৭ তারিখ ১৭/০২/২০১৯ মোতাবেক কৃষি তথ্য ও যোগাযোগ কেন্দ্রের মাধ্যমে ডিজিটাল কৃষি তথ্যের প্রচলন ও গ্রামীণ জীবনমান উন্নয়ন শীর্ষক সমাপ্ত প্রকল্প হতে রাজস্ব বাজেটে তাদের নামের পাশে বর্ণিত পদে জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী পদায়ন/আত্মীকরণ করা হলো।

| ক্রঃ নং | নাম ও স্থায়ী ঠিকানা | পদবি | জাতীয় বেতন স্কেল ২০১৫ | নিজ জেলা | পদায়নকৃত কর্মস্থল | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ০১. | জনাব মো. জুলফিকার আলী<br>পিতা-আব্দুস সবুর<br>মাতা- জোবেদা বেগম<br>গ্রাম-নোনা গ্রাম, ডাকঘরঃ আকর গ্রাম, উপজেলা- বিরল<br>জেলা-দিনাজপুর। | কৃষি তথ্য কেন্দ্র সংগঠক | ১২,৫০০-৩২,২৪০/-<br>(গ্রেড-১১) | দিনাজপুর | আঞ্চলিক কার্যালয়, কৃষি তথ্য সার্ভিস, পাবনা | |
| ০২. | জনাব শাহিনুর আক্তার কেয়া<br>পিতা-মো. আব্দুল মান্নান<br>মাতা- আনোয়ারা বেগম<br>৬৩/আই/২ কাটাশুর, পুলপাড়া, মোহাম্মদপুর, ঢাকা-১২০৭ | কৃষি তথ্য কেন্দ্র সংগঠক | ১২,৫০০-৩২,২৪০/-<br>(গ্রেড-১১) | ঢাকা | আঞ্চলিক কার্যালয়, কৃষি তথ্য সার্ভিস, ময়মনসিংহ | |

শর্তাবলীঃ

১. আত্মীকৃত কর্মচারী/কর্মচারীগণকে অফিস আদেশ ইস্যুর তারিখ হতে ৩০ (ত্রিশ) দিনের মধ্যে জাতীয় পরিচয়পত্র, প্রকল্পে চাকুরীর নিয়োগপত্র ও শিক্ষাগত যোগ্যতার প্রমাণপত্রের মূলকপিসহ পদায়নকৃত কর্মস্থলে যোগদান করতে হবে। উল্লিখিত সময়ের মধ্যে যোগদান করতে ব্যর্থ হলে তিনি যোগদান করতে সম্মত নন বলে ধরে নেয়া হবে এবং অত্র আদেশ বাতিল বলে গণ্য হবে।

২. ১নং ক্রমিকে বর্ণিত সকল কাগজপত্রের সত্যায়িত ফটোকপি এবং ০২ কপি সদ্য তোলা (৬ মাসের পূর্বে নয়) পাসপোর্ট আকারের সত্যায়িত রঙিন ছবি যোগদান পত্রের সাথে দাখিল করতে হবে।

চলমান পাতা-২

৫৮০

৩. সিআরপি মামলা নং-৫০২/২০১৭ অনুযায়ী মহামান্য সুপ্রিম কোর্টের আপীল বিভাগের ২২/০৩/২০১৮ তারিখের রায়ে উদ্ধৃত "Continuity of Service and other benefits are expunged" অর্থাৎ আপনাকে চাকরিতে যোগদানের পূর্বে চাকরির কোন ধারাবাহিকতা বা আর্থিক সুবিধা প্রদান করা হবে না।

৪. আত্মীকৃত কর্মচারী/কর্মচারীগণকে রাজস্ব খাতের জনবল হিসেবে নিয়োগ বলে গণ্য হবে এবং স্ব স্ব পদে যোগদানের তারিখ থেকে এ নিয়োগ কার্যকর হবে এবং তাদের জ্যেষ্ঠতা নির্ধারণ করা হবে।

৫. যোগদানের পর কর্মচারীগণের পুলিশ ভেরিফিকেশন করা হবে। পুলিশ ভেরিফিকেশনে সন্তোষজনক প্রতিবেদন পাওয়া না গেলে কোন কারণ দর্শানো ব্যতিরেকে অত্র আত্মীকরণ আদেশ বাতিল বলে গণ্য হবে।

৬. চাকুরিতে যোগদানের সময় সিভিল সার্জনের নিকট হতে শারীরিক সুস্থতার স্বপক্ষে প্রত্যয়ন পত্র দাখিল করতে হবে।

৭. সংশ্লিষ্ট কর্মচারীগণ অত্র দপ্তরে সংরক্ষিত শিক্ষাগত যোগ্যতা, জন্ম তারিখ ও অন্যান্য তথ্যের সাথে প্রাপ্ত তথ্যাদির কোন প্রকার অসঙ্গতি পাওয়া গেলে কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে উক্ত কর্মচারীর যোগদান আদেশ বাতিল বলে গণ্য হবে।

৮. এ আদেশ সুর্নির্দিষ্ট ভাবে বর্ণিত হয়নি এরুপ ক্ষেত্রে তার চাকুরী সংক্রান্ত বিষয়ে সরকারের প্রচলিত আদেশ এবং সরকার কর্তৃক ভবিষ্যৎ প্রণিতব্য বিধি বিধান দ্বারা চাকুরি নিয়ন্ত্রিত হবে।

৯. বিজ্ঞ আদালতের আদেশ মোতাবেক এটি একটি বিশেষ নিয়োগ হিসেবে গণ্য হবে এবং পরবর্তীতে অন্য কেউ এ আদেশের অনুবৃত্তিক্রমে বর্ণিত পদে কিংবা অন্য কোন পদে নিয়োগ দাবী করতে পারবেন না।

১০. সংশ্লিষ্ট কর্মচারীগণ যে সুপারিশকৃত/অফারকৃত পদে নিয়োগ পেতে সম্মত/ইচ্ছুক, মামলা প্রত্যাহার এবং পরবর্তীতে কোন প্রকার ওজর-আপত্তি/প্রশ্ন উত্থাপন করবেন না মর্মে লিখিত সম্মতিপত্র/অঙ্গীকারপত্র দিতে হবে।

২৫/২/১৭

(ড. মো. নুরুল ইসলাম)
পরিচালক
ফোন-৯১১২২৬০
ইমেইল : dirais@ais.gov.bd

২৫/২/২১

বিতরণ (জ্ঞাতার্থে ও কার্যার্থে):

১. সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সিনিয়র সচিব, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. যুগ্মসচিব (আইন), আইন অধিশাখা, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. যুগ্মসচিব (সম্প্রসারণ), কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬. প্রধান তথ্য অফিসার, কৃষি তথ্য সার্ভিস, খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা।
৭. প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, কৃষি মন্ত্রণালয়, সিজিও ভবন, সেগুন বাগিচা, ঢাকা।
৮. জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, ময়মনসিংহ/পাবনা।
৯. সহকারী তথ্য অফিসার, কৃষি তথ্য সার্ভিস, আঞ্চলিক কার্যালয়, ময়মনসিংহ।
১০. সহকারী তথ্য অফিসার, কৃষি তথ্য সার্ভিস, আঞ্চলিক কার্যালয়, পাবনা।
১১. প্রশাসনিক অফিসার, কৃষি তথ্য সার্ভিস, খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা।
১২. জনাব মো. জুলফিকার আলী, পিতা-আব্দুস সবুর, মাতা- জোবেদা বেগম, গ্রাম-নোনা গ্রাম, ডাকঘরঃ আকর গ্রাম, উপজেলা- বিরল জেলা-দিনাজপুর।
১৩. জনাব শাহিনুর আক্তার কেয়া, পিতা-মো. আব্দুল মান্নান, মাতা- আনোয়ারা বেগম, ৬৩/আই/২ কাটাশুর, পুলপাড়া, মোহাম্মদপুর, ঢাকা-১২০৭।
১৪. হিসাব শাখা, অত্র অফিস।
১৫. অফিস নথি।
১৬. বাদল চন্দ্র সরকার, টেকনিক্যাল পার্টিসিপেন্ট, কৃষি তথ্য সার্ভিস, খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা। অফিস আদেশটি কৃষি তথ্য সার্ভিসের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।